গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
ধর্মপাশা, সুনামগঞ্জ।

## উপজেলা পরিষদ মাসিক সভার কার্যবিবরনী

সভাপতি : জনাব মোজাম্মেল হোসেন রোকন,
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ধর্মপাশা, সুনামগঞ্জ।
সভার মাস : ফেব্রুয়ারি ২০২৪ইং
সভার তারিখ : ১৫ ফেব্রুয়ারি ২০২৪খ্রিঃ।
সময় : বেলা- ১২ : ০০ ঘটিকা।
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে উপজেলা পরিষদের পক্ষ থেকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। উপজেলার সকল কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার ধর্মপাশাকে সকলেই সার্বিক সহযোগিতা করার প্রত্যয় ব্যক্ত করেন। অতঃপর সভাপতি সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার, ধর্মপাশাকে অনুরোধ জানান। তিনি আলোচ্যসূচী অনুযায়ী সভা পরিচালনা করেন।

আলোচ্য সূচীঃ বিগত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদনঃ উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহ সভায় পাঠ করে জানান। কোনো সংযোজন, বিয়োজন ও সংশোধন না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর উপজেলা পর্যায়ে বিভাগীয় কর্মকর্তাসহ সকল সদস্যগন শুভেচ্ছা বক্তব্য প্রদান করেন এবং তাদের দপ্তরের বিভিন্ন বিষয় ও দাপ্তরিক কার্যক্রমের অগ্রগতির কথা তুলে ধরেন।

| ক্রঃ নং | বিভাগীয় আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১ | উপজেলা স্বাস্থ্য বিভাগঃ উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা অনুপস্থিত থাকায় তার দপ্তরের কার্যক্রম জানা যায়নি। জয়শ্রী ইউপি চেয়ারম্যান সভায় জানান যে, আসন্ন বন্যার কবল থেকে রক্ষার জন্য ইউনিয়নে স্বাস্থ্য ও পরিবার কল্যান কেন্দ্রের দক্ষিণ অংশ সংস্কার করা খুবই প্রয়োজন। তিনি স্বাস্থ্য ও পরিবার কল্যান কেন্দ্রের জন্য ০১টি টিউবয়েল প্রস্তাব করেন। | জনসাধারনকে শতভাগ সরকারি সেবা প্রদানের লক্ষ্যে বিভাগীয় সকল কার্যক্রম অব্যাহত রাখার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকতা, ধর্মপাশা। |
| ২ | উপজেলা কৃষি বিভাগঃ উপজেলা কৃষি সম্প্রসারন কর্মকর্তা সভায় জানান যে, ০৭ এপ্রিল ২০২৪ইং হতে ০৫ মে ২০২৪ ইং তারিখের মধ্যে বোরো ফসল ধান কাটার কার্যক্রম শেষ হবে বলে সভায় অবগত করেন। তাছাড়া বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | জনসাধারনকে শতভাগ সরকারি সেবা প্রদানের লক্ষ্যে বিভাগীয় সকল কার্যক্রম অব্যাহত রাখার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা কৃষি অফিসার ও সমন্বিত ব্যবস্থপনার মাধ্যমে কৃষি যান্ত্রিকীকরন প্রকল্প। |
| ৩ | উপজেলা প্রাণি সম্পদ বিভাগঃ উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, দপ্তরের কার্যক্রম সন্তোষজনক। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার , ধর্মপাশা |
| ৪ | উপজেলা মৎস্য বিভাগঃ উপজেলা মৎস্য কর্মকর্তা অনুপস্থিত থাকায় তাঁর দপ্তরের কার্যক্রম জানা যায়নি। | ধারাবাহিকতার বজায় রেখে বিভাগীয় কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা মৎস্য কর্মকর্তাকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা, ধর্মপাশা। |
| ৫ | উপজেলা প্রকৌশল বিভাগঃ উপজেলা প্রকৌশলী জানান যে, তিনি উপজেলা পরিষদ সম্মেলন কক্ষের এসি লাগানো ও সাউন্ড সিষ্টেম বিলের টাকা এখন পর্যন্ত পরিশোধ করা সম্ভব হয়নি বিধায় কিছু অর্থ বরাদ্দ প্রদানের জন্য সভায় প্রস্তাব করেন। | ১। উপজেলা পরিশোধের ০৪টি ভবন সংস্কার ও মেরামতের জন্য | উপজেলা প্রকৌশলী, ধর্মপাশা |

| | | | |
|---|---|---|---|
| | উপজেলা প্রকৌশলী সভায় আরো জানান যে, উপজেলা পরিষদের অভ্যন্তরে ০১ বিএডিসি অফিস ভবন ও ষ্টোররুম/গোডাউন দুতলা বিশিষ্ট ০১টি ভবন খুবই জরার্জীন অবস্থায় আছে এ ভবন ০২টি কনডেমনেশন /অকোজো ঘোষনা করে ভেঙ্গে ফেলার জন্য সভায় সিদ্ধান্ত গৃহিত হয়।<br>সুখাইড় রাজাপুর দক্ষিণ ইউপি চেয়ারম্যান সভায় জানান যে, রাজাপুর বাজার হতে রাজাপুর সরকারী প্রাথমিক বিদ্যালয় পর্যন্ত মাটি ভরাট ও আরসিসি দ্বারা উন্নয়ন, রাজাপুর বাজার পাকা ঘাটলা হতে গাজীনগর কবর স্থান গাইড ওয়াল নির্মান, দৌলতপুর বাজারে পাকা ঘাটলা নির্মান, ঘুলোয়া সরকারি প্রাথমিক বিদ্যালয় হতে নদীর পাড় রাস্তা নির্মান ও ঘাটলা নির্মান, ০৩নং ওয়ার্ডে লালবাড়ীর রাস্তায় কালভটি নির্মান ও আইড়ারকুড়ের নালায় কালভার্ট নির্মান করা খুবই প্রয়োজন। তিনি আরো জানান যে, মেওহারী থেকে ঘুলুয়া পর্যন্ত রাস্তা পর্যন্ত রাবিশ অথবা ইটের শুকরী দেওয়া খুবই প্রয়োজন। মুক্তারপুর খেয়া ঘাটের আগে কূড়ীর খেও ভাঙা রাস্তা মেরামত। | কোটেশন/ টেন্ডারের মাধ্যমে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।<br>৩। বিএডিসি ভবন ০২টি সভায় আলোচনাক্রমে কনডেমনেশন ঘোষনার জন্য জেলা প্রশসক সুনামগঞ্জ প্রেরন করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| ৬ | **উপজেলা শিক্ষা বিভাগঃ** উপজেলা শিক্ষা অফিসার জানান যে, বিভাগের কার্যক্রম সঠিক ও সুষ্ঠুভাবে পরিচালনা হচ্ছে। তিনি আরো জানান যে, প্রাক প্রাথমিক বাচ্চাদের পাঠ কার্যক্রম পরিচালনা জন্য অভিভাবকদের বাহিরে বা স্কুলের বারিন্দায় অবস্থান নিতে হয়। প্রতিটি স্কুলে অভিভাবকদের জন্য স্কুলের অভ্যন্তরে টিন সেড দ্বারা অভিভাবক সেড ঘর নির্মান করার প্রস্তাব করা হয়। | ধারাবাহিকতার বজায় রেখে বিভাগীয় কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা শিক্ষা অফিসার ও উপজেলা প্রকৌশলীকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা শিক্ষা অফিসার , ধর্মপাশা। |
| ৭ | **উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগঃ** উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা জানান যে, দপ্তরের কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনা হচ্ছে। তিনি আরো জানান যে, তার কার্যালয়ের অফিসের কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য ০১টি অফিস কক্ষ নির্মান জন্য সভায় প্রস্তাব করেন। | ধারাবাহিকতা বজায় রেখে পরীক্ষা কার্যক্রম পরিচালনার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, ধর্মপাশা। |
| ৮ | **উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগঃ** উপজেলা প্রকল্প বাস্তাবায়ন কর্মকর্তা জানান যে, দপ্তরের কার্যক্রম সন্তোষজনক ।<br>জয়শ্রী ইউপি চেয়ারম্যান সভায় জানান যে, হত দরিদ্রদের ৪০ দিনের কর্মসৃজন কর্মসূচী চালু করার জন্য প্রয়োজনীয় প্রদক্ষেপ নেওয়ার অনুরোধ করা হয়। | ধারাবাহিকতার বজায় রেখে বিভাগীয় কার্যক্রম পরিচালনার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। হত দারিদ্রদের ৪০ দিনের কর্মসৃজন কর্মসূচী চালু বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা নির্বাহী অফিসার /উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা। |
| ৯ | **উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগঃ** উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার সভায় জানান যে, দপ্তরের কার্যক্রম সন্তোষজনক। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ধর্মপাশা। |
| ১০ | **পানি উন্নয়ণ বোর্ডঃ** অনুপস্থিত থাকায় দপ্তরের কার্যক্রম জানা যায়নি। | বিস্তারিত আলোচনাক্রমে সভাপতি জানান যে, ফসল রক্ষা বাধগুলো সুষ্ঠভাবে বাস্তবায়ন হয় এ বিষয়ে সু দৃষ্টি রাখার জন্য অনুরোধ করা হয়। | উপসহকারী প্রকৌশলী(পানি উন্নয়ন বোর্ড), ধর্মপাশা। |
| ১১ | **উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তরঃ** উপজেলা মহিলা বিষয়ক কর্মকতা জানান যে, দপ্তরের কাজ স্বাভাবিকভাবে চলছে। ভিডাব্লিউবি কর্মসূচির বরাদ্দ গত ডিসেম্বর/২০২৩ মাস পর্যন্ত ছিল ও বিতরন শেষ। নতুন করে বরাদ্দ পাওয়া যায়নি। বরাদ্দ প্রাপ্তির সাপেক্ষে ডিও প্রদান করা হবে। উক্ত কার্যক্রম মাঠ পর্যায়ে তদারকির জন্য এনজিও নিয়োগ দেয়া মা ও শিশু সহায়তা কর্মসূচির বরাদ্দ অনুযায়ী কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। দাপ্তরিক অন্য সকল কাজ স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার লক্ষ্যে সকলের সার্বিক সহযোগিতার জন্য সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ধর্মপাশা। |
| ১২ | **উপজেলা পল্লী উন্নয়ণ বিভাগঃ** উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে বলে সভায় অবহিত করেন। তিনি আরো জানান যে, তার দপ্তরের সম্মুখে ০১টি টিওবয়েল স্থাপনের জন্য সভায় | বিস্তারিত আলোচনাক্রমে প্রয়োজনীয় ব্যবস্থা | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ধর্মপাশা। |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | প্রস্তাব করা হয়। | গ্রহনের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| ১৩ | **উপজেলা যুব উন্নয়ণ বিভাগঃ** উপজেলা সহকারী যুব উন্নয়ন কর্মকর্তা জানান, জানুয়ারি ২০২৪ মাসে দুটি ব্যাচে সুখাইড় রাজাপুর উত্তর ইউপি কার্যালয়ে ৩০ জন এবং সুখাইড় রাজাপুর দক্ষিণ ইউনিয়ন কার্যালয়ে ৩০ জন করে মোট ৬০ জনকে যুব ও যুব মহিলাকে যুব প্রশিক্ষণ দেয়া হয়েছে। তিনি আরো জানান দপ্তরের কাজ সুষ্ঠ ও স্বাভাবিকভাবে পরিচালনা হচ্ছে। | সরকারি বিধি মোতাবেক সার্বিক কার্যক্রম পরিচালনার করার জন্য সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ধর্মপাশা। |
| ১৪ | **উপজেলা খাদ্য অধিদপ্তরঃ** উপজেলা খ্যদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা সভায় জানান যে, দপ্তরের কার্যক্রম সন্তোষজনক। তিনি আরো জানাান ধর্মপাশা উপজেলায় অধীনে ০২টি এলএসডি চালু রয়েছে। ধর্মপাশা এলএসডিতে ৪৬৬.১৮ মেঃ টন চাল মজুদ রয়েছে। মধ্যনগর এলএসডিতে ৭২৮.০০ মেঃ টন চাল মজুদ রয়েছে। ১০টি ইউনিয়নের ২০ জন ডিলারের মাধ্যমে কার্যক্রম চলমান।<br>জয়শ্রী ইউপি চেয়ারম্যান সভায় জনান যে, জয়শ্রী খাদ্য গুদামটি সংস্কার করে ব্যবহারের উপযোগী গ্রহনের জন্য সভায় অবগত করেন। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা, ধর্মপাশা। |
| ১৫ | **উপজেলা জনস্বাস্থ্য বিভাগঃ** উপজেলা উপ-সহকারী প্রকৌশলী জানান যে, দপ্তরের কার্যক্রম সন্তোষজনক। সারাদেশব্যাপী নিরাপদ পানি সরবরাহের প্রকল্পের কাজ ও হাওড় অঞ্চলের কাজ চলমান আছে। মানবসম্পদ প্রকল্পের কমিউনিটি ভিত্তিক পানি সরবরাহের কাজ চলমান। প্রাথমিক বিদ্যালয়ের কিছু সংখ্যক ওয়াশব্লকের কাজ সমাপ্ত করা হয়েছে এবং প্রাথমিক বিদ্যালয়, নিম্ন মাধ্যমিক বিদ্যালয়, উচ্চ মাধ্যমিক বিদ্যলয়ের ওয়াশব্লক ও পানি উৎসের কাজ চলমান আছে বলে তার সংক্ষিপ্ত বক্তব্য শেষ করেন।<br>জয়শ্রী ইউপি চেয়ারম্যান জানান যে, সানবাড়ী নৌ পুলিশ ফাড়িও জয়শ্রী বাজারে ০১টি করে নলকূপ স্থাপনের জন্য সুপারিশ করে। | উপজেলা উপ-সহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য)কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপসহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য), ধর্মপাশা। |
| ১৬ | **উপজেলা সমবায় বিভাগঃ** উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম সন্তোষজনক। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য সার্বিক সহযোগিতার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা, ধর্মপাশা। |
| ১৭ | **উপজেলা সমাজ সেবা বিভাগঃ** উপজেলা সমাজ সেবা কর্মকর্তা সভায় জানান যে, ২৩-২৪ অর্থ বছরে প্রতিবন্ধি ভাতার ৬২৫ জনের বরাদ্দ পাওয়া গিয়াছে। অতি শীর্ঘই বাছাইয়ের মাধ্যমে ইউনিয়ন পরিষদ থেকে তালিকা পাওয়া যাবে বলে সভায় অবগত করে। বয়ষ্ক ও বিধবা ভাতার বরাদ্দ পাওয়া যায়নি যেহেতু ২৩-২৪ অর্থ বছরে অনলাইনে বয়ষ্ক ও বিধবা ভাতার জন্য অনেকে আবেদন করেছেন আশা করেন অতিশ্রীর্ঘই বরাদ্দ পাওয়া যাবে। ক্ষুদ্র ঋণ আদায়ের হার খুবই কম এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য আগামী ১০/০২/২৪ ইং তারিখের মধ্যে PIC কমিটির সভার মাধ্যমে সিদ্ধান্ত নেওয়া যেতে পারে। দপ্তরের কার্যক্রম সুষ্ঠ ও স্বাভাবিকভাবে পরিচালনা হচ্ছে বলে সভায় অবগত করেন। | ধারাবাহিকতার বজায় রেখে বিভাগীয় কার্যক্রম পরিচালনার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, ধর্মপাশা। |
| ১৮ | **উপজেলা পরিসংখ্যান বিভাগঃ** উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা জানান যে, ১৮টি মাধ্যমিক বিদ্যালয়ের ১০৮জন শিক্ষার্থীর মাঝে জনশুমারি ও গৃহগননা প্রকল্পের ব্যবহৃত ট্যাবলেট পিসি তাদের মেধাক্রম অনুসারে বিতরন করা হয়েছে। তিনি আরো জানান বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা কে জনশুমারি ও গৃহগননা কাজ প্রতিবেদন উপজেলা নিবর্হী অফিসারের পরামর্শ অনুযায়ী রিপোর্ট প্রদানের জন্য সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, ধর্মপাশা। |
| ১৯ | **উপজেলা পরিসংখ্যান বিভাগঃ** উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা জানান যে, অর্থনৈতিক শুমারি লিস্টিং কার্যক্রম অনুষ্ঠিত হতে পারে। তিনি ধারাবাহিক আয় উপজেলা পর্যায়ে অপারেশন কার্যক্রম প্রক্রিয়াধীন আছে ও অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে বলে তার সংক্ষিপ্ত বক্তব্য শেষ করেন। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা নির্বাচন অফিসার |
| ২০ | **উপজেলা আনসার ও ভিডিপি বিভাগঃ** উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা জানান যে, দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা হচ্ছে বলে সভায় অবগত করেন। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহিত হয়। | আনসার ভিডিপি কর্মকর্তা, ধর্মপাশা। |
| ২১ | **উপজেলা রিসোর্স সেন্টারঃ** উপজেলা রিসোর্স কর্মকর্তা দপ্তরের কার্যক্রম | বিভাগীয় কার্যক্রম | উপজেলা রিসোর্স |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | অনুপস্থিত থাকায় তার দপ্তরের কার্যক্রম জানা যায়নি। | সুষ্ঠুভাবে পরিচালনার জন্য সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহিত হয়। | কর্মকর্তা, ধর্মপাশা। |
| ২২ | **উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পঃ** স্থানীয় সরকার বিভাগ কর্তৃক ১৮৭/১২/২০২৩ইং তারিখে ৪৬.০০.০০০০.০৮৫.১৪৭.০০৯.২৩-১০৭৯ নং স্মারকে উপজেলা পরিষদের ওয়েব পোর্টাল আপডেট এবং এলজিইডি-এম আইএন এ জন্য মাসিক হালনাগাদকরন সংক্রান্ত বিষয়ক একটি পত্র জারি করা হয়। পত্রটি পরিপ্রেক্ষিতে পরবর্তী পদক্ষেপ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করছি। | বিস্তারিত আলোচনাক্রমে দ্রুত উপজেলা প্রকৌশলীকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রকৌশলী, উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটর, ধর্মপাশা। |
| ২৩ | **উপজেলা পল্লী জীবীকায়ন প্রকল্প(পজীপ)ঃ** উপজেলা পল্লী জীবীকায়ন প্রকল্প কর্মকর্তা জানান যে, বিভাগের কার্যক্রম সন্তোষজনক। তাছাড়া ২য় পর্যায়ের বিতরনকৃত প্রায় ০১ কোটি টাকা মাঠে খেলাপী হয়ে আছে। উক্ত খেলাপী টাকা আদায়ের জন্য পুনরায় সিআর মামলা স্থানীয় কোর্টে রজু করা বিশেষ প্রয়োজন। তিনি আরো জানান যে, স্থানীয় পুলিশ প্রশাসনের সহযোগিতা পেলে এই বিশাল অংকের ঋন আদায় করা সম্ভব । | উপজেলার খেলাপী ঋণসমূহ আদায় করে প্রত্যন্ত পল্লী গ্রামে হতদরিদ্রদের মাঝে ঋণ সহায়তাপূর্বক বিভাগীয় সকল সেবা প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পল্লী জীবিকায়ন প্রকল্প কর্মকর্তা, ধর্মপাশা। |
| ২৪ | **পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশনঃ** উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা জানান, চলতি মাসে সদস্য ভর্তি ১৫জন। সঞ্চয় আদায়- ৬.৪৬ লক্ষ, সঞ্চয় ফেরত- ৮.২০লক্ষ মাসে ঋণ বিতরন ২৮.৭০ লক্ষ। মাসে ঋন আদায়যোগ্য ৩৮.২৫লক্ষ, মাসে ঋন আদায় ৩৭.৪৭লক্ষ। চলতি মাসে ঋণ আদায় ৯৮%, বার্ষিক ঋণ আদায় ৯৮%। বছরে ঋণ বিতরন ২৫৬.৮০লক্ষ। মোট সদস্য ৮৫৪ জন্য। মাচে পাওনা ঋণ ৩৩৪.৫৮ লক্ষ। মোট খেলাপী ৭১.৬২লক্ষ মোট খেলাপী সদস্য ৪২৬ জন। ও ৩৯.৪৬লক্ষ ওডি সদস্য ২৬০জন। সদয় সঞ্চয় জমা ১৭৩.০৫লক্ষ। তাছাড়া দাপ্তরিক কাজ সন্তোষজনক বলে তার সংক্ষিপ্ত বক্তব্য শেষ করেন। | উপজেলার খেলাপী ঋণসমূহ আদায় করে প্রত্যন্ত পল্লী গ্রামে হতদরিদ্রদের মাঝে ঋণ সহায়তাপূর্বক বিভাগীয় সকল সেবা প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা, ধর্মপাশা। |
| ২৫ | **তথ্য আপাঃ** তথ্য সেবা কর্মকর্তা জানান যে, দপ্তরের কার্যক্রম সুষ্ঠু সঠিকভাবে পরিচালনা হচ্ছে বলে সভায় অবগত করেন এবং সভায় সকলের সহযোগিতা কামনা করেন। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহিত হয়। | তথ্য সেবা কর্মকর্তা, ধর্মপাশা, |
| ২৪ | **আমার বাড়ী আমার খামার (পল্লী সঞ্চয় ব্যাংক)ঃ** পল্লী সঞ্চয় ব্যংকের জন্য ১০,০০,০০০/-টাকা বরাদ্দ দেওয়া হয়েছিল এই টাকার কাজ শেষ বর্তমানে কিছু কাজ বাকী আছে উপজেলা পরিষদ তহবিল হতে অর্থ বরাদ্দ পাওয়ার জন্য সভায় প্রস্তাব করা হয়। | উপজেলার খেলাপী ঋণসমূহ আদায় করে প্রত্যন্ত পল্লী গ্রামে হতদরিদ্রদের মাঝে ঋণ সহায়তাপূর্বক বিভাগীয় সকল সেবা প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | আমার বাড়ী আমার খামার কর্মকর্তা, ধর্মপাশা। |
| ২৬ | গ্রাম আদালত প্রকল্পঃ উপজেলা সমন্বয়কারী জানান যে, গ্রাম আদালত প্রকল্পের আওতায় ০৬টি ইউনিয়নের গ্রাম আদালতের মামলার চিত্রঃ ১। ধর্মপাশা সদর ইউনিয়নে উচ্চ আদালতের থেকে প্রাপ্ত মামলা ১১টি নিস্পত্তি-০ চলমান মামলা-১১টি। ২। জয়শ্রী ইউনিয়নে উচ্চ আদালতে থেকে ০৫টি+দাখিল০২টি সহ মোট মামলা ০৭টি, নিস্পত্তি-০৪টি, চলমান ছিল-০৩টি মামলা। ৩। সুখাইড় রাজাপুর উত্তর ইউনিয়নে দাখিলকৃত মামলা -০৪টি, নিস্পত্তি-০, চলমান-০৩টি। ৪। সেলবরষ ইউনিয়নে উচ্চ আদালত থেকে প্রাপ্ত মামলা- ০৪টি ইউনিয়নে দাখিল ০২টি মোট মামলা ০৬টি, নিস্পত্তি-০৩টি চলামান মামলা-০৩টি। ৫। সুখাইড়া রাজাপুর দক্ষিণ ইউপিতে উচ্চ আদালতে থেকে প্রাপ্ত মামলা -০৩টি, নিস্পত্তি-০, চলমান-০৩টি। ৬। পাইকুরাটি ইউনিয়নে আদালত থেকে প্রাপ্ত মামলা ০৩টি ইউনিয়নে দাখিকৃত -০১টি সহ মোট মামলা-০৪টি, নিস্পত্তি-০৩টি চলমান-০১টি। গ্রাম আদালতে আওতায় ফেব্রুয়ারি ২০২৪ মাসে ০৬টি ইউনিয়নে মোট মামলা -৩৫টি, নিস্পত্তি-১০টি, চলামান মান-২৫টি। | ধারাবাহিকতার বজায় রেখে বিভাগীয় কার্যক্রম পরিচালনার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা সমন্বয়কারী |
| ২৭ | উপজেলা পরিষদঃ জয়শ্রী ইউপি সভায় জানান যে, গ্রাম-পুলিশদের শূন্য পদে নিয়োগ প্রক্রিয়ার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সভায় অবগত করে। তিনি, ধর্মপাশা বঙ্গবন্ধু চত্বরের রাস্তা সংস্কার করে যানযটমুক্ত করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য জোর সুপারিশ করেন। | ধারাবাহিকতার বজায় রেখে বিভাগীয় কার্যক্রম পরিচালনার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। গৃহিত হয়। | উপজেলা পরিষদ, ধর্মপাশা। |
| ২৮ | **বিবিধঃ** উপজেলা পরিষদের জরুরী ব্যয় বিবরনী বাবদঃ উপজেলা প্রকৌশলী জানান যে, আনসার আবাসনের জন্য তাদের রান্না করার এলপিজি গ্যাস সিলেন্ডারের অর্থ বকয়ো রয়েছে আনসারদের এই অর্থ চলতি | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের রাজস্ব | উপজেলা পরিষদ ধর্মপাশা। |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | মাস হতে ০২টি গ্যাস সিলিন্ডার বাবদ অর্থ বরাদ্দ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় প্রস্তাব করেন। ফেব্রুয়ারি/২০২৪ মাসে অফিস আনুষাঙ্গিক বাবদ- ৫,০০০/- ফেব্রুয়ারি/২০২৪ অফিস আপ্যায়ন ও সভার আপ্যায়ন বাবদ-৩০,০০০/-টাকা, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের জন্য আইপিএস ক্রয় বাবদ-৪৮,৫০০/-টাকা। এ ব্যয় সমূহ রাজস্ব তহবিল হতে পরিশোধের এবং অনুমোদনের জন্য সভায় প্রস্তাব করা হয়। | তহবিল হতে ব্যয়সমূহ পরিশোধের জন্য সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহিত হয়। | |

উপজেলা পরিষদ চেয়ারম্যান সভায় জানান যে, তিনি মাননীয় প্রধানমন্ত্রীর ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে ধর্মপাশা মডেল উপজেলা পরিষদ বাস্তবায়িত করার নিমিত্ত সততা ও নিষ্ঠার সহিত স্ব-স্ব দায়িত্ব ও কর্তব্য পালন করার জন্য উপস্থিত সকল ইউপি জনপ্রতিনিধিগণ ও সকল কর্মকর্তা/কর্মচারীদের অনুরোধ জানান।

অদ্যকার সভায় অন্যকোনা আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোজাম্মেল হোসেন রোকন)
সভাপতি
ও
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ধর্মপাশা, সুনামগঞ্জ।

তারিখঃ ১৫ ফেব্রুয়ারি ২০২৪খ্রিঃ।

স্মারক নংঃ ৪৬.৬০.৯০৩২.০০১.০১.০১৫.২০২৪-২১২(৪৭)

অনুলিপি ঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলো।

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২।, মাননীয় সংসদ সদস্য, ২২৪-সুনামগঞ্জ-১ ও উপদেষ্টা, উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটি, ধর্মপাশা, সুনামগঞ্জ।
০৩। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পলী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৫। জেলা প্রশাসক, সুনামগঞ্জ
০৬। উপজেলা ভাইস চেয়ারম্যান, ধর্মপাশা, সুনামগঞ্জ।
০৭। উপজেলা ভাইস চেয়ারম্যান (মহিলা), ধর্মপাশা, সুনামগঞ্জ।
০৮-৩৫। উপজেলা-----------------------------------------------অফিসার, ধর্মপাশা, সুনামগঞ্জ।
৩৬। অফিসার ইন চার্জ, ধর্মপাশা থানা. ধর্মপাশা, সুনামগঞ্জ।
৩৭-৪৩। চেয়ারম্যান,ধর্মপাশা/সেলবরষ/পাইকুরাটি/জয়শ্রী/সুখাইড় রাজাপুর(দঃ)/সুখাইড় রাজাপুর(উঃ) ইউনিয়ন।
৪৪-৪৫। জনাবা----------------------- মহিলা সদস্যা---------------------ইউ/পি, ধর্মপাশা, সুনামগঞ্জ।
৪৬-৪৭। অফিস কপি/ মাষ্টার কপি।

(মোহাম্মদ গিয়াস উদ্দীন)
উপজেলা নির্বাহী অফিসার,
ধর্মপাশা, সুনামগঞ্জ।

CamScanner